10

দৈনিক ইনকিলাব

তারিখ 04 JUL 1998
পৃষ্ঠা ৩ কলাম ৪

## কৃষি ইনস্টিটিউটে ছাত্র সামবেশ

# ছাত্রদের অধিকার নিয়ে সরকার ছিনিমিনি খেলছে

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** জাতীয়তাবাদী ছাত্র দলের শেরে-বাংলা নগর কৃষি ইনস্টিটিউট শাখার উদ্যোগ কলেজ চত্বরে গতকাল শুক্রবার এক ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। সমারেশের পূর্বে প্রথমবর্ষ ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের শুভেচ্ছা জানিয়ে ছাত্রদলের একটি বিশাল মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে। কলেজ শাখা ছাত্রদল সভাপতি শাহাদৎ হোসেন মামুনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি আব্দুল খালেক, সিনিয়র সহ-সভাপতি নাসির উদ্দিন পিন্টু, সাধারণ সম্পাদক সাইফুল আলম নীরব, কাজী রফিক, হাসান জাকির তুহিন, এজিএস শামছুল হক, এসএম জাহাঙ্গীর আলম প্রমুখ।

আব্দুল খালেক বলেন, ছাত্রদের অধিকার নিয়ে সরকার যেভাবে ছিনিমিনি খেলছে, শিক্ষা উপকরণের মূল্য আকাশচুম্বী হয়ে যাচ্ছে তার জন্য ছাত্রদলের নেতৃত্বে নবীন ছাত্র-ছাত্রীদের ঐক্যবদ্ধ হয়ে সংগ্রাম করতে হবে।